জানুয়ারি, ২০২১ মাসের চাটমোহর উপজেলা পরিষদ সভার কার্য-বিবরণী

সভার তারিখ	ঃ	২৪ জানুয়ারি, ২০২১ খ্রিঃ।
সময়	ঃ	বিকাল-০৩.৩০ টা।
স্থান	ঃ	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ চাটমোহর, পাবনা।
সভাপতি	ঃ	**জনাব মো: আব্দুল হামিদ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
সহযোগিতায়	ঃ	মোঃ সৈকত ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে অদ্যকার উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদানের জন্য ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা মহোদয়কে অনুরোধ করেন।

(০২) **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** ঃ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গত ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখের মাসিক সভার কার্য-বিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্য-বিবরণী সঠিক থাকলে তা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। কোন সংশোধন না থাকায় গত সভার কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(০৩) **বিভিন্ন বিভাগীয় উন্নয়ন মূলক কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

৩.০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগ কালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.০২। **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান ১৫০ বিঘা জমি যন্ত্রের মাধ্যমে ধান রোপন, আগাছা পরিষ্কার ও কর্তণের জন্য মথুরাপুর ইউনিয়নে প্রদর্শণী প্লট করা হয়েছে। উক্ত প্রদর্শণী প্লট দেখার জন্য তিনি সকল সদস্যকে অনুরোধ করেন।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগ কালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার এবং যন্ত্রের মাধ্যমে ধান রোপন, আগাছা পরিষ্কার ও কর্তণের প্রদর্শণী প্লট উপজেলার আগ্রহী কৃষকদের দেখানোর সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা কৃষি কর্মকর্তা চাটমোহর, পাবনা।

৩.০৩। **উপজেলা প্রকৌশল দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান বর্তমান অর্থ বৎসরে এ.ডি.বি এর অর্থ বরাদ্ধ কম থাকায় রাজস্ব উদ্বৃত্ত হতে পরিশিষ্ট "ক" তালিকায় উল্লেখিত প্রকল্পগুলো সভায় উপস্থাপন করেন। প্রকল্পগুলো সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত: ক) বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার ও "ক" তালিকায় উল্লেখিত প্রকল্পগুলো সরকারি বিধিবিধান অনুসরণ করে কাজের গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।
দায়িত্ব: উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাটমোহর, পাবনা

৩.০৪। **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.০৫। **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.০৬। **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তাঁর বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.০৭। **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।

সিদ্ধান্ত: বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্ব: উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, চাটমোহর, পাবনা

২৫/১/২১

৩.০৮। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.০৯। **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান চাটমোহর উপজেলায় নয়টি ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে । অবশিষ্ট দুইটি ইউনিয়ন মথুরাপুর ও বিলচলন এ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য ওয়ার্ক ওর্ডার দেয়া হয়েছে। শিগ্রই কাজ শুরু হবে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন চলমান রাখার এবং মথুরাপুর ও বিলচলন ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ কাজের গুনগতমাণ বজায় রেখে সিডিউল মোতাবেক কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.১০। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান, ১ম পর্যায়ের টি.আর ও কাবিখার কাজের অনুমোদন জেলা অফিস হতে পাওয়া গেছে। ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। তিনি দ্রুত প্রকল্প দেয়ার জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার এবং ২য় পর্যায়ের জন্য দ্রুত প্রকল্প দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/চেয়ারম্যান ইউ.পি সকল, চাটমোহর, পাবনা।

৩.১১। **উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.১২। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ** জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, বিভাগের সকল কাজ স্বাভাবিক আছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, চাটমোহর, পাবনা।

৩.১৩। **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চাটমোহর, পাবনা

৩.১৪। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় কার্যক্রম সচল রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা।

৩.১৫। উপজেলা **সমবায় বিভাগ ঃ অনুপস্থিত।**

৩.১৬। উপজেলা বন বিভাগ ঃ ফরেস্টার, সামাজিক বন বিভাগ সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ ফরেস্টার, বন বিভাগ, চাটমোহর, পাবনা।

৩.১৭। এ.জি.এম পবিস-১ ঃ পল্লী বিদ্যুৎ সমিতির পক্ষে এ.জি.এম জানান-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়
দায়িত্বঃ জি.এম পল্লি বিদ্যুৎ সমিতি চাটমোহর, পাবনা।

৩.১৮। আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ উপজেলা সমন্বয়কারী সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প, চাটমোহর, পাবনা।

৩.১৯। পল্লী দারিদ্র বিমোচন অফিস ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে ।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগ কালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চাটমোহর, পাবনা।

৩.২০ **উপজেলা তথ্য সেবা কর্মকর্তাঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, চাটমোহর, পাবনা

৩.২১। **চেয়ারম্যান, নিমাইচড়া ইউ, পি ঃ** চেয়ারম্যান, নিমাইচড়া ইউ.পি সভায় জানান, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান মির্জাপুর-অষ্টমনিষা আন্তঃ উপজেলা ফেরী ঘাটের ইজারার টাকার চাটমোহরে ইউ.পি অংশ গত পাঁচ বৎসর যাবত স্থনীয় সরকার শাখা হতে পাননা। অথচ ভাঙ্গুড়া উপজেলা টাকা পাচ্ছে। উক্ত ইজারার টাকা না পাওয়ায় তাঁর ইউনিয়নে দুইটি ঘাট নির্মান করতে পারছেন না। তিনি দ্রুত ইজারার টাকার ইউপি অংশ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগ কালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার এবং চেয়ারম্যান কর্তৃক প্রকল্প দাখিল সাপেক্ষে মির্জাপুর-অষ্টমনিষা আন্তঃ উপজেলা ফেরী ঘাটের ইজারার টাকার ইউ.পি অংশ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা বরাবর পত্র লেখার সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ চেয়ারম্যান, নিমাইচড়া ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২২। **চেয়ারম্যান, গুনাইগাছা ইউ, পি ঃ** চেয়ারম্যান, গুনাইগাছা ইউ,পি সভায় বলেন-বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি জার্দিস মোড় হতে অষ্টমনিষা যাওয়ার রাস্তায় পৈলানপুর ব্রিজটি দ্রুত মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রাখার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জার্দিস মোড় হতে অষ্টমনিষা যাওয়ার রাস্তায় পৈলানপুর ব্রিজটি দ্রুত মেরামত করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।
দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, গুনাইগাছা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৩। **চেয়ারম্যান, হান্ডিয়াল ইউ, পি ঃ** চেয়ারম্যান, হান্ডিয়াল সভায় জানান যে, তাঁর ইউ.পিতে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি দ্রুত গ্রাম পুলিশ পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং সরকারি বিধি বিধান অনুসরণ করে গ্রাম পুলিশ পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ চেয়ারম্যান, হান্ডিয়াল ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৪। **চেয়ারম্যান, পার্শ্বডাঙ্গা ইউ, পি ঃ** চেয়ারম্যান পার্শ্বডাঙ্গা সভায় জানান যে- তাঁর ইউনিয়নে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি পার্শ্বডাঙ্গা যাওয়ার রাস্তার কাজ দ্রুত শুরু করার, এ.ডি.বি এর অর্থ দ্রুত বরাদ্দ দেয়া এবং জন্ম নিবন্ধনের সমস্যা দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং পার্শ্বডাঙ্গা যাওয়ার রাস্তার কাজ দ্রুত শুরু করার ব্যবস্থা গ্রহণের, এ.ডি.বি এর অর্থ দ্রুত বরাদ্দ দেওয়ার ব্যবস্থা গ্রহণের এবং জন্ম নিবন্ধনের সমস্যা দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, পার্শ্বডাঙ্গা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৫। **চেয়ারম্যান, ফৈলজানা ইউ, পি ঃ** চেয়ারম্যান, ফৈলজানা সভায় জানান, তাঁর ইউ.পিতে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি তাঁর ইউনিয়নের কচুগাড়ী বিলের পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কচুগাড়ী বিলের পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী ও চেয়ারম্যান, ফৈলজানা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৬। **চেয়ারম্যান, বিলচলন ইউ, পিঃ ঃ** চেয়ারম্যান, বিলচলন সভায় জানান, তাঁর ইউ.পিতে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি আরো জানান, সোনার পাড়া রাস্তা এবং দোদাড়িয়া হতে দড়িপাড়া পর্যন্ত রাস্তা কাঁচা থাকায় জনগণের যাতয়াতে চরম অসুবিধা হচ্ছে উল্লেখ করে রাস্তা দুটি পাঁকা করণ করা প্রয়োজন। রাস্তা দুটি দ্রুত পাঁকা করণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেন।
সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সোনার পাড়া রাস্তা এবং দোদাড়িয়া হতে দড়িপাড়া পর্যন্ত রাস্তা পাঁকা করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, বিলচলন ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৭। **চেয়ারম্যান, হরিপুর ইউ, পিঃ** চেয়ারম্যান, হরিপুর ইউ,পি সভায় বলেন-তাঁর ইউনিয়নের হরিপুর হতে খৈরাস যাওয়ার রাস্তার দুপার্শ্বে ব্যক্তি মালিকানাধীন পুকুরের মাছ চাষ করার ফলে রাস্তার দুপার্শ্ব ভেঙ্গে যাচ্ছে । তাই তিনি পুকুর পাড়ের মালিকদের রাস্তার পার্শ্বে প্যালাসাইটিং করার জন্য পত্র দেয়ার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা ক্রমে হরিপুর হতে খৈরাস যাওয়ার রাস্তার দুপার্শ্বে ব্যক্তি মালিকানাধীন পুকুরের মালিকদের রাস্তার পার্শ্বে প্যালাসাইটিং করার জন্য পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর ও চেয়ারম্যান, হরিপুর ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৮। **চেয়ারম্যান, ছাইকোলা ইউ, পিঃ** চেয়ারম্যান, ছাইকোলা ইউ.পি সভায় জানান, তাঁর ইউনিয়নে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি তাঁর ইউনিয়নে কাটেঙ্গা হতে লাঙ্গলমারা যাওয়ার রাস্তা দ্রুত মেরামত করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্দ প্রপ্তি সাপেক্ষে কাটেঙ্গা হতে লাঙ্গল মারা যাওয়ার রাস্তা দ্রুত মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ চেয়ারম্যান, ছাইকোলা ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২৯। **চেয়ারম্যান, ডিবি.গ্রাম ইউ, পি ঃ** চেয়ারম্যান ডিবিগ্রাম ইউ.পি সভায় বলেন-তাঁর ইউ.পিতে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি ডি.বি গ্রাম ইউনিয়নে যাওয়ার রাস্তা দ্রুত মেরামতের এবং ডি.বি গ্রাম ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবল পদায়নের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডি.বি গ্রাম ইউনিয়নে যাওয়ার রাস্তা দ্রুত মেরামতের এবং ডি.বি গ্রাম ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবল পদায়নের জন্য পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী/উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/চেয়ারম্যান, ডিবিগ্রাম ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.৩০। **চেয়ারম্যান, মথুরাপুর ইউ, পিঃ** চেয়ারম্যান মথুরাপুর ইউ.পি সভায় বলেন যে তাঁর ইউ.পিতে স্বাভাবিকভাবে কাজ সম্পাদিত হচ্ছে। তিনি জানান যে, কৃষি বিভাগ, বি.এ.ডি.সি ও বি.এম.ডি.এ হতে কৃষকগণ গভীর নলকূপ নিয়ে চাষাবাদ করে থাকেন। কিন্তু গভীর নল কূপের তথাকথিত মালিক বা ম্যানেজারগণ ১/৪ অংশ ফসল নিয়ে থাকেন। এতে প্রকৃত কৃষকগণ ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ করেন। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন যে, এ উপজেলায় এ সমস্যা খুবই বেশী হওয়ায় এর একটি সমাধানের ব্যবস্থা নেয়া উচিত ।

সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং কৃষি বিভাগ, বি.এ.ডি.সি ও বি.এম.ডি.এ হতে উত্তোলনকৃত গভীর নলকপের মালিক বা ম্যানেজারগণ সরকারি নিয়ম মোতাবেক কৃষকদের নিকট হতে পানির মূল্য গ্রহণ করেন তার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা সহঃ প্রকৌশলী বি.এ.ডি.সি ও বি.এম.ডি.এ/চেয়ারম্যান, মথুরাপুর ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.২২। **চেয়ারম্যান, মূলগ্রাম ইউ, পি ঃ** চেয়ারম্যান, মুলগ্রাম ইউ,পি সভায় তাঁর ইউনিয়নের কচুগাড়ী-ক্ষতবাড়ী যাওয়ার রাস্তা দ্রুত সংস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য এবং বর্তমান মৌসুমে সার বিতরণে মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ বর্তমান বৈশ্বিক দূর্যোগকালে স্বাস্থ্যবিধি মেনে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কচুগাড়ী-ক্ষতবাড়ী যাওয়ার রাস্তা দ্রুত সংস্কার করার ব্যবস্থা গ্রহণের জন্য এবং সার বিতরণে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ উপজেলা কৃষি অফিসার/উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, সকল ইউ.পি, চাটমোহর, পাবনা।

৩.৩১। **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা ঃ** তিনি সভায় নিয়ম ও বিধিমতে জনগণকে সেবা দেয়ার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা চাটমোহর, পাবনা

৩.৩২। **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা ঃ** সভায় তিনি স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে বলে উল্লেখ করেন। তাঁর টি.এ/ডি.এ বিল প্রদানের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ সরকারি বিধি বিধান মেনে স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের এবং বিধি মোতাবেক টি.এ/ডি.এ বিল বিল প্রস্তুত করে দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ মহিলা ভাইস চেয়ারম্যান, চাটমোহর, পাবনা

৩.৩৩। (ক) পরিশেষে সভাপতি বলেন-সকল দপ্তরের প্রধানদের দপ্তরের কাজকর্ম সঠিকভাবে সম্পন্ন করা ও অধিনস্থ অফিসে পরিদর্শন বাড়ানোর এবং করোনা ভাইরাসের এ বৈশ্বিক দূর্যোগ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধি, ত্রাণ বিতরণ, স্বাস্থ্যবিধি মেনে চলার এবং স্বাস্থ্য বিভাগের প্রচারিত স্বাস্থ্য বিধি নামাজের আগে ও পরে এ উপজেলার সকল মসজিদে প্রচারের, উপজেলা পরিষদ ফটকে আগত সেবা গ্রহীতাদের মুকে মাস্ক পরিধান নিশ্চিত করাসহ "NO MASK, NO SERVICE"ফেস্টুন উপজেলা চত্বরে লাগানোর জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ সকল দপ্তরের কাজকর্ম সঠিকভাবে সম্পন্ন ও অধিনস্থ অফিসে পরিদর্শন বাড়ানোর এবং করোনা ভাইরাস মোকাবেলায় সকল দপ্তর প্রধান ও জন প্রতিনিধিগন সরকারি সিদ্ধান্ত মতে একযোগে কাজ করার এবং স্বাস্থ্য বিভাগের প্রচারিত স্বাস্থ্য বিধি নামাজের আগে ও পরে এ

২৪/৭/২০

উপজেলার সকল মসজিদে প্রচারের, উপজেলা পরিষদ ফটকে আগত সেবা গ্রহীতাদের মুকে মাস্ক পরিধান নিশ্চিত করাসহ "NO MASK, NO SERVICE"ফেস্টুন উপজেলা চত্বরে লাগানোর জন্য, সকল প্রকার প্রকল্পের কাজ বিনা ব্যর্থতায় ৩০ এ জুনের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বঃ চেয়ারম্যান সকল ইউ.পি/উপজেলা কৃষি/প্রাণি সম্পদ ও মৎস্য কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী/ প্রতিনিধি, ইসলামিক ফাউন্ডেশন/দপ্তর প্রধান (সকল) চাটমোহর, পাবনা

৪.১ : (ক) ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে সীমানা প্রাচীর ভেঙ্গে গেছে উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, এতে উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। দ্রুত সীমানা প্রাচীরটি মেরামত/সংস্কার করা প্রয়োজন। তাই তিনি দ্রুত প্রাক্কলন প্রস্তুতের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তা ব্যবস্থার জন্য সীমানা প্রাচীর মেরামত/সংস্কার করার লক্ষ্যে দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র লেখার সিদ্ধান্ত গৃহিত হয়।

দায়িত্বঃ উপজেলা প্রকৌশলী, চাটমোহর, পাবনা।

৪.১ : খ) উপজেলা পরিষদে ০২(দুই) টি টেলিফোন সেট ব্যবহার করা হয়। উক্ত টেলিফোনের ০১/০৬/২০০৯ হতে ৩১/১২/২০২০ পর্যন্ত ১,০৯,০০৫/-টাকার বিল বকেয়া আছে মর্মে নোটিশ পাওয়া গেছে। বকেয়া বিল পরিশোধের জন্য টেলিফোন অফিস হতে তাগাদা দেয়া হচ্ছে। জরুরী ভিত্তিতে বিল সমূহ পরিশোধ করা প্রয়োজন বলে সভায় উল্লেখ করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে ০২(দুই) টি টেলিফোনের ০১/০৬/২০০৯ হতে ৩১/১২/২০২০ পর্যন্ত ১,০৯,০০৫/-(এক লক্ষ নয় হাজার পাঁচ) টাকা বকেয়া বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ সিদ্ধান্ত গৃহিত হয়।

দায়িত্বঃ উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুল হামিদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চাটমোহর, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়
চাটমোহর, পাবনা
www.chatmohar.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬২২.০০০.১৩.০৩৭.২০-১৮৫ তারিখ ঃ ২৪ জানুয়ারি, ২০২১

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। মাননীয় সংসদ সদস্য ৭০, পাবনা-৩।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, পাবনা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
০৫। মেয়র, চাটমোহর পৌরসভা, চাটমোহর, পাবনা।
০৬। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
০৭। উপজেলা ..... অফিসার (সংশ্লিষ্ট সকল), চাটমোহর, পাবনা।
০৮। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ (সকল), চাটমোহর, পাবনা।

২৪/০১/২১

(মোঃ সৈকত ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা
ফোন ঃ ০৭৩২৪-৫৬১০৮
e-mail : unochatmohar@mopa.gov.bd

পরিশিষ্ট-"ক"

২০২০-২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত
তহবিলের অর্থ দ্বারা স্কীমের তালিকা ঃ

উপজলা ঃ চাটমোহর

জেলাঃ পাবনা

ক্রমিক নং-	ইউনিয়নের নাম	স্কীমের নাম	টাকার পরিমান	বাস্তবায়নের ধরন ন	মন্তব্য
১।	ডিবিগ্রাম	ক) ডিবিগ্রাম ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধুলা সামগ্রী বিতরণ খ) ডিবিগ্রাম ইউনিয়নের দাতিয়া কয়রাপাড়া চিকনাই ব্রিজের পাশ্বে গণ বিশ্রামাগার নির্মাণ	৫০,০০০/- ১,৫০.০০০/-	পিআইসি	
০২।	মথুরাপুর	উথুলী মিরাজ মেম্বারের বাড়ী হতে নবীরের বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করণ	২,০০,০০০/-	পিআইসি	
০৩।	হরিপুর	হরিপুর বরুরিয়া নওশাদের বাড়ীর পাঁকা রাস্তা হতে গোলজারের বাড়ীর পাঁকা পর্যন্ত রাস্তা এইচবিবি করণ	২,০০,০০০/-	পিআইসি	
০৪।	ছাইকোলা	বরদানগর দক্ষিণ পাড়া নাজিমের দোকান হতে শরিফের বাড়ী অভিমুখে কাঁচা রাস্তা এইচবিবি করণ ছাইকোলা ইউ.পির পূর্ব পারস্থ পানি বাহিত ক্যানেল পাঁকা করণ বাবদ	২,০০,০০০/- ১,২০,০০০/-	পিআইসি	
০৫।	ফৈলজানা	কচুগাড়ী দক্ষিণ বিলের পানি নিষ্কাশন	২,০০,০০০/-	পিআইসি	
০৬।	মুলগ্রাম	পাথাইল হাট মফিজের মোড় হতে পূর্বপাড়া অভিমুখে এইচবিবি রাস্তা পর্যন্ত এইচবিবি করণ	২,০০,০০০/-	পিআইসি	
৭।	পার্শ্বডাঙ্গা	ক) বারকোনা হাসানের বাড়ী পাঁকা রাস্তা হতে মসজিদ পর্যন্ত রাস্তা এইচবিবি করণ খ) টেংগর জানী ফুড ব্রিজ ও উভয় পাশ্বে সংস্কার	১,৫০,০০০/- ৮০,০০০/-	পিআইসি	
০৮।	গুনাইগাছা	রামচন্দ্রপুর লিমনের দোকান হতে তোফার বাড়ী অভিমুখে রাস্তা এইচবিবি করণ	২,০০,০০০/-	পিআইসি	
০৯।	বিল চলন	কুমারপাড়া নায়েব আলীর বাড়ি হতে বড়শিঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা এইচবিবি করণ	২,০০,০০০/-	পিআইসি	
১০।	নিমাইচড়া	করকোলা -গৌড়নগর রাস্তায় বওসা ব্রিজের নিকট বক্স কালভার্ট নির্মাণ ও মাটি ভরাট করণ	২,০০,০০০/-	পিআইসি	
১১।	হান্ডিয়াল	ভেংড়ী এম.এ ছামাদ টেকনিক্যাল বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভৌত অবকাঠামো উন্নয়ন	২,০০,০০০/-	পিআইসি	
১২।	ফৈলজানা	ফৈলজানা ঘাসিকোলা টেকপাড়া ব্রীজ এর উভয় পার্শ্বে এইচবিবি করণসহ মেরামত	২,০০,০০০/-	পিআইসি	

২৪/১/২১